গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাউজান, চট্টগ্রাম।
www.raozan.chittagong.gov.bd

স্মারক নং-০০.০০.১৫৭৪.০০০.০৩.০০৮.২২- ১০৭৯.

তারিখ ঃ ১৬ অগ্রহায়ন ১৪২৯
০১ ডিসেম্বর ২০২২

বিষয় ঃ মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী ও ছক মোতাবেক তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ - জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয় কার্যালয়ের স্মারক নং- ০০.২০.১৫০০.০৪৪.০৪.০১০.১৪-১১৩
তারিখ ঃ ১০/০৬/২০১৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে রাউজান উপজেলার নভেম্বর-২০২২ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার তথ্যাদি "ছক" মোতাবেক মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ফর্দ।

০১/১২/২২
আবদুস সামাদ শিকদার
উপজেলা নির্বাহী অফিসার
রাউজান, চট্টগ্রাম ।
ফোন নং- ২৩৩৪৪৫৬৮৬৮, ফ্যাক্স নং-২৩৩৪৪৫৬৯৩৯
ই-মেইল ঃ unorawzan@mopa.gov.bd

জেলা প্রশাসক
চট্টগ্রাম।
দৃষ্টি আকর্ষণ ঃ সহকারী কমিশনার
তথ্য ও অভিযোগ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম ।

## "ছক"

| ক্রমিক নং | উপজেলার সংখ্যা/নাম | যে সকল উপজেলায় সভা অনুষ্ঠিত হয়নি তার নাম | সরকারের দৃষ্টি আকর্ষণযোগ্য বিশেষ কোন সিদ্ধান্ত (যদি থাকে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | রাউজান | - | - | নভেম্বর- ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংযুক্ত। |

07/12/22


আবদুস সামাদ শিকদার
উপজেলা নির্বাহী অফিসার
রাউজান, চট্টগ্রাম ।
ফোন নং- ২৩৩৪৪৫৬৮৬৮, ফ্যাক্স নং-২৩৩৪৪৫৬৯৩৯
ই-মেইল ঃ unorawzan@mopa.gov.bd|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাউজান, চট্টগ্রাম ।
www.raozan.chittagong.gov.bd

২৯/১১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আবদুস সামাদ শিকদার, উপজেলা নির্বাহী অফিসার, রাউজান, চট্টগ্রাম। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| সময় | ঃ | বিকাল ০২.০০ টা। |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট "ক"। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় এনজিও বিষয়ক ব্যুরো হতে প্রাপ্ত পত্রখানা পাঠ করে শুনানো হয়। পত্রের আলোকে এনজিও কার্যক্রম পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।তিনি অত্র উপজেলায় কার্যক্রমরত সকল এনজিও সংস্থাকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান। অতঃপর সভায় উপস্থিত এন.জি.ও প্রতিনিধিগণকে স্ব স্ব কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপনের আহ্বান জানালে উপস্থিত কর্মকর্তাগণ তাদের কার্যক্রমের বর্ণনা নিম্নরূপে সভায় অবহিত করেন।

১) আশাঃ সভায় উপস্থিত এনজিও প্রতিনিধি জানান যে, নভেম্বর-২২ ইং মাসে ৩ জনকে ৩৫,০০০/- টাকা চিকিৎসা খরচ প্রদান করা হয়েছে। এই মাসে ডায়াবেটিস নিয়ন্ত্রনে আমাদের করণীয় ও বর্জনীয় সম্পর্কে আলোচনা করা হয়। এই মাসে ৪ জনকে ২০০০০০/- টাকা বীমা দাবীর সুবিধা প্রদান করা হয়েছে। বিদেশে অবস্থানরত কর্মজীবিদের আত্মীয়-স্বজন কে রেমিটেন্স এর মাধ্যমে ২.৫% কমিশন সহ টাকা লেনদেন এর সুবিধা দেওয়া হয়। এই মাসে ৩৮৬ জন সদস্য-এর মাঝে ৩০১০০০০০/- টাকা ঋন বিতরন করা হয়। করোনা ভাইরাস মোকাবেলায় সকল সদস্য ও তাদের পরিবারকে টিকা নেওয়া ,মাস্ক পরিধান ও সাবান দিয়ে হাত ধোয়ার বিষয়ে আরো সচেতন হতে বলা হচ্ছে।

২) পল্লী মঙ্গল কর্মসূচিঃ সভায় উপস্থিত এনজিও প্রতিনিধি জানান যে, নভেম্বর-২২ মাসে ৫০ জন সদস্যের নিকট ১৭১৩০০০০/- টাকা বিতরন করা হয়। সদস্যদের নিকট হতে সঞ্চয় আদায়- ৬১৫৯০৮/- টাকা, সঞ্চয় ফেরত প্রদান করা হয়-৬০১০১৭/- টাকা। সকল সদস্যকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়।

৩) ইপসাঃ সভায় উপস্থিত এনজিও প্রতিনিধি জানান যে, অত্র সংস্থা মূলত ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করে। উক্ত সংস্থা নভেম্বর-২২ মাসে ১১৪ জন গ্রহীতার মাঝে সাধারণ ঋণ বাবদ ৫৮৩১০০০/- টাকা এবং ৭ জন গ্রহীতার মাঝে অগ্রসর ঋণ বাবদ ১৩৫০০০০/- টাকা প্রদান করে।বুনিয়াদি ঋণ বাবদ ৭ জনকে ১০৭১৪০/- টাকা, প্রতিবন্ধি ঋণ বাবদ ১ জনকে -৯০০০০/- টাকা প্রদান করা হয়।

৪)মুক্তিপথ উন্নয়ন কেন্দ্রঃ সভায় উপস্থিত এনজিও প্রতিনিধি জানান যে, অত্র সংস্থা মূলত ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করে। উক্ত সংস্থার মোট সমিতি সংখ্যা-১৩৬ টি। সদস্য সংখ্যা-৩৬১৫ জন। ঋণী সদস্য-২৩৫৫ জন। মাসিক ঋণ বিতরণ-৬৬২৬০০০/- টাকা। ঋণ স্থিতি ৫২১৮৬২৪৩/- টাকা। সঞ্চয় স্থিতি- ৩৫৯৬৭০৪৭/- টাকা।

৫) ব্যুরো বাংলাদেশঃ সভায় উপস্থিত এনজিও প্রতিনিধি জানান যে, রাউজান শাখা নভেম্বর/২২ ইং ১০ জন সদস্যকে নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষন দেওয়া হয়েছে। ১০ জন সদস্যদের নিকট ৪৬০০০০/- টাকা ঋণ সুবিধা প্রদান করা হয়েছে এবং ৯০ শতাংশ স্থাপনা নিশ্চিত করা হয়েছে।

২০৯ জন প্রান্তিক কৃষকদের ১১৪১১০০০/- টাকা কৃসিঋণ প্রদান করা হয়েছে। ০৬ জন গ্রাহককে ১৬০০০০/- টাকা রেমিট্যান্স সেবা প্রদান করা হয়েছে। ২৯ জন সদস্যের মাঝে সাধারণ ঋণ ১৭৭৫০০০/- টাকা, কৃষি ঋণ বাবদ ২৬ জন সদস্যকে ১৯০৫০০০/- টাকা এবং ২৫ জন সদস্যকে এসএমই ঋণ বাবদ ৩৪৫০০০০/- টাকা সুবিদা প্রদান করা হয়েছে।

৬) প্রশিকাঃ কর্মরত ইউনিয়ন সংখ্যা- ১৪ টি, কর্মরত গ্রাম সংখ্যা- ৩২ টি, মোট সমিতির সংখ্যা-১২৮ টি, চলতি মাসে সমিতি বৃদ্ধি-৫, চলতি মাসে সদস্য বৃদ্ধি সংখ্যা-১০০ জন, মোট সমিতিভুক্ত সদস্য সংখ্যা-২১৭২ জন, চলতিমাসে সঞ্চয় আদায় সদস্য সংখ্যা-১৯৮৬ জন, চলতি মাসে সঞ্চয় আদায়-১৬২২৬৪৯/- টাকা, সঞ্চয় উত্তোলন সদস্য সংখ্যা-১০৮, চলতিমাসে সঞ্চয় উত্তোলন-৮৯০৪৪১/- টাকা, ঋণ বিতরণ-১৯০ জন, ঋণ বিতরণ-১২৭৮০০০০ টাকা, মোট ঋণ আদায় -৮১৫১৩২৮/- টাকা, চলতি ঋণ আদায়ের হার-৯৯%, মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংখ্যা-২ জন, ক্ষতিপূরণ ২০০০০০/- টাকা।

প্রশিকা কর্তৃক আয়োজিত সমিতি ও ফেডারেশন পর্যায়ের সদস্যদের উপস্থিতিতে সাপ্তাহিক ও মাসিক সমন্বয় সভায় বাল্য বিবাহ, মাদক এবং যৌতুক প্রতিরোধ সহ আইনি সহায়তা বিষয়ে আলোচনা করা হয়।

৭) শক্তি ফাউন্ডেশনঃ সভায় উপস্থিত এনজিও প্রতিনিধি জানান যে, সংস্থাটি মূলত ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করে পাশাপাশি হেলথ প্রোগ্রাম, শক্তি সৌর আলো, এগ্রো ডেভেলপমেন্ট কার্যক্রম পরিচালনা করে। এই শাখার উপকারভোগীর সংখ্যা- ৬৯৪ জন, চলতিমাসে ২০ জন সদস্যের মাঝে-৫৬ ,৪০ ,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়।

চলমান পাতা-২

সভায় সভাপতি মহোদয় কর্তৃক বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ।

(ক) সভায় উপজেলা সমবায় কর্মকর্তা, রাউজান, চট্টগ্রামকে প্রতি সপ্তাহে ০১ টি এনজিও-এর কার্যক্রম পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

(খ) এনজিও বিষয়ক ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক অত্র উপজেলায় কার্যক্রমরত এনজিও সংস্থার তথ্যাদি প্রেরণের জন্য সকল এনজিও সংস্থাকে অনুরোধ করা হয়।

(গ ) অত্র উপজেলায় কর্মরত সকল এনজিও সংস্থা-কে মাইক্রো ক্রেডিট কার্যক্রমের পাশাপাশি সামাজিক কার্যকক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।


আবদুস সামাদ শিকদার
উপজেলা নির্বাহী অফিসার
রাউজান, চট্টগ্রাম।
☎ ২৩৩৪৪৫৬৮৬৮ 🖷 ২৩৩৪৪৫৬৯৩৯
unorawzan@mopa.gov.bd


স্মারক নং - ০০.০০.১৫৭৪.০০০.১৫.০০৪.২২- ১০৭৯

তারিখঃ ১৪ অগ্রহায়ণ ১৪২৯
২৯ নভেম্বর ২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

০১। জেলা প্রশাসক, চট্টগ্রাম- সদয় অবগতির জন্য।

০২। শাখা ব্যবস্থাপক............................................এনজিও, রাউজান, চট্টগ্রাম।


আবদুস সামাদ শিকদার
উপজেলা নির্বাহী অফিসার
রাউজান, চট্টগ্রাম।
☎ ২৩৩৪৪৫৬৮৬৮ 🖷 ২৩৩৪৪৫৬৯৩৯
unorawzan@mopa.gov.bd